

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের এজিএম আজ

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা (এজিএম) আজ শনিবার বিকেল সাড়ে ৩টায় টিএসসি মিলনায়তনে অনুষ্ঠিত হবে। গতকাল শুক্রবার সন্ধ্যায় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথি থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বিশেষ অতিথি থাকবেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, ট্রেজারার অধ্যাপক ড. কামাল উদ্দীন ও ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী। সভাপতিত্ব করবেন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি রকীবউদ্দীন আহমেদ।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র ধর্মগ্রন্থ থেকে বাণী পাঠ করা হবে। এরপর শোকপ্রস্তাব পাঠ করবেন সংগঠনের সিনিয়র সহসভাপতি সেলিনা খালেদ। স্বাগত বক্তব্য রাখবেন সংগঠনের সাংগঠনিক সম্পাদক রঞ্জন কর্মকার। গত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করবেন সংগঠনের যুগ্ম মহাসচিব আশরাফুল হক মুকুল। এক বছরের সাংগঠনিক প্রতিবেদন উপস্থাপন করবেন মহাসচিব দেওয়ান রশিদুল হাসান। অডিট রিপোর্ট পেশ করবেন কোষাধ্যক্ষ মুনিরা খান।

এরপর নতুন কমিটি নির্বাচন করা হবে। প্রধান নির্বাচন কমিশনার হিসেবে থাকবেন আবু সালেহ, অন্য দুই নির্বাচন কমিশনার হলেন শরিফ লুৎফর রহমান ও অহিদ-উজ-জামান ডালিম।

অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ২০১৬-১৯ তিন বছরের জন্য ৪০ সদস্যের কার্যনির্বাহী কমিটি নির্বাচন করা হবে। নির্বাচনে চেতনায় মুক্তিযুদ্ধ প্যানেল থেকে সভাপতি পদে এফবিসিসিআইর সাবেক সভাপতি ও হা-মীম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এ. কে. আজাদ এবং মহাসচিব পদে রঞ্জন কর্মকার প্রার্থী হয়েছেন। অনুষ্ঠান শেষে সঙ্গীত পরিবেশন করবেন অ্যালামনাই সদস্যরা।